গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ,দিনাজপুর
www.dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/মাস্টার্স (নিয়মিত)ভর্তি/১৮-১৯/২০১৯/২১২ তারিখ: ২২ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ / ০৭ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি নং-১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৮-২০১৯/৪৫২১ তারিখ: ০৫/১১/২০১৯ মোতাবেক ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে। উক্ত কোর্সে আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নবর্ণিত ধাপ অনুযায়ী আবেদন করতে হবে।

ক্রমিক	করণীয়	আবেদনের তারিখ
১	প্রথম ধাপ: অনলাইনে প্রাথমিক আবেদন শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.ac.bd/admissions) এর Masters Tab এর Apply Now (Master's Reg.) অপশনের মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার উত্তীর্ণ স্নাতক (সম্মান), স্নাতক (পাস) ও মাস্টার্স (নিয়মিত)/ প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন এন্ট্রি দিতে হবে। শিক্ষার্থী তার পছন্দ অনুযায়ী একটি কলেজ/ইন্সটিটিউটের নাম select করলে শিক্ষার্থী তার স্নাতক পর্যায়ে পঠিত বিষয়ে অধিভুক্ত জেলাওয়ারী কলেজসমূহের তালিকা দেখতে পাবে এবং সতর্কতার সংগে প্রার্থিত কলেজের পছন্দ নির্বাচনসহ অন্যান্য তথ্য পূরণ করবে। আবেদন ফরমে শিক্ষার্থীর ছবির **মাপ (120×150 Pixels, Image type: JPG Ges maximum file size: 50KB)**। স্ক্যান করে আপলোড করতে হবে এবং submit অপশনে গিয়ে ফরম download করে A4 অপসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে। সঠিকভাবে ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) শিক্ষা কার্যক্রমের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিজ্ঞপ্তি অনুসরণ করতে হবে।	১১/১১/২০১৯ থেকে ২১/১১/২০১৯
২	দ্বিতীয় ধাপ (আবেদন জমাকরণ): আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদনপত্রের সংগে (নির্ধারিত স্থানে স্বাক্ষর করে) সংশ্লিষ্ট কলেজে আবেদন ফি বাবদ ৩৩০/- (তিনশত ত্রিশ) টাকার রসিদ কলেজ ক্যাশ শাখা হতে সংগ্রহ করে সাউথইস্ট ব্যাংক লিঃ, বিজ্ঞান ভবন, কলেজ বুথ এ জমা দিয়ে জমাদানের রসিদ এবং স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও মাস্টার্স প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ০২ (দুই) সেট সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।	১২/১১/২০১৯ থেকে ২৩/১১/২০১৯ দুপুর ০১ টা পর্যন্ত
৩	সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়নের তারিখ **(সংশ্লিষ্ট বিভাগ আবেদন ফরম ও রেজিস্টার সংরক্ষণ করবে)** কলেজ/বিভাগে যে সকল প্রার্থীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তার মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানতে পারবে।	১২/১১/২০১৯ থেকে ২৩/১১/২০১৯

সাধারণ নির্দেশনা:

ক) ভর্তি কার্যক্রমের সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.ac.bd/admissions) এর মাধ্যমে জানা যাবে। SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র ভর্তির ফলাফল জানা যাবে।

খ) সংশ্লিষ্ট কোর্সে একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

গ) ভর্তির আবেদন ফরমে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি বাতিলসহ ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলী সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ভর্তিচ্ছু কোর্স ও বিষয়	ভর্তিচ্ছু কোর্স ও বিষয়
Master of Arts (MA) Subject: 1) Bangla, 2) English, 3) History 4) Islamic History & Culture, 5) Philosophy	**Master of Social Science (MSS) Subject:** 1) Political Science, 2) Sociology, 3) Economics
Master of Science MSc) Subject: 1) Physics, 2) Chemistry, 3) Botany, 4) Zoology, 5) Mathematics	**Master of Business Administration (MBA) Subject:** 1) Accounting, 2) Management

পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন:

আবেদন ফরম সংশ্লিষ্ট বিভাগে জমাদানের পূর্বে প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তার সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে Masters Applicant's Login অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change অপশনে গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থীর তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে বিভাগ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে তা বাতিল করা যাবে না।

◆ **শিক্ষার্থী ফরম বাতিলের সুযোগ মাত্র একবারই পাবে।**

ফলাফল:

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ভর্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের ফলাফল প্রকাশিত হবে।

খ) শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট website (www.nu.ac.bd/admissions)/SMS (nu<space>atmf <space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

বি:দ্র: সংশ্লিষ্ট বিভাগকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিজ্ঞপ্তি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রতি স্বাক্ষর

(প্রফেসর সৈয়দ মোহাম্মদ হোসেন)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

(প্রফেসর আব্দুল জলিল আহমেদ)
আহ্বায়ক
মাস্টার্স (নিয়মিত) ভর্তি ও পরীক্ষা কমিটি ২০১৮-২০১৯
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি-

১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২। আহ্বায়ক, মাস্টার্স (নিয়মিত) ভর্তি ও পরীক্ষা কমিটি ২০১৮-২০১৯, অত্র কলেজ।
৩। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, অত্র কলেজ।
৪। হিসাব শাখা ও ক্যাশ শাখা, অত্র কলেজ।
৫। অফিস নথি।